

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর।



স্মারক নং: ১২.০২.০০০০.১৭.৮৭.১৪.২২-৪৪২

তারিখ: ০২/০৬/২২ খ্রঃ

সভার বিজ্ঞপ্তি

আগামী ০৬/০৬/২০২২ খ্রি: তারিখ রোজ সোমবার বেলা ৩.০০ ঘটিকার সময় জনাব লতিফুন নেছা লতা, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মেহেরপুর সদর মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে "সংস্কৃতি" সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয়:

- ১) সংস্কৃতি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা।
- ২) বিবিধ

প্রাপক:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩) অফিস কপি।


০২/০৬/২২
(নাসরিন পারভীন)
উপজেলা কৃষি অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।



জুন/২০২২ ইং মাসে উপজেলা সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব লতিফুন নেছা লতা

ভাইস চেয়ারম্যান (লতা), উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

তারিখঃ ০৮/০৬/২০২২ইং ।

সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	মো: আব্দুল গাফফার	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	স্বাক্ষরিত
০২.	নাহিদা ইসলাম	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩.	দীপক কুমার সাহা	কৃষি সম্প্রসারণ অফিসার	স্বাক্ষরিত
০৪.	নাসরিন পারভীন	উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব	স্বাক্ষরিত
০৫.	মো: আনারুল ইসলাম	চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত

ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি, মেহেরপুর সদর মহোদয়ের উপস্থিতিতে সভার কাজ শুরু হয়। শুরুতেই গত মাসের সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয় এবং কোন সংশোধন না থাকায় দৃঢ়করণ করা হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং তাঁর অনুরোধক্রমে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জানান, উপজেলা পরিষদ ফান্ড হতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদ হলরুমে শিশুদের নিয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক মঞ্চস্থ করা যেতে পারে। এক্ষেত্রে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের যেসব শিশু অভিনয়ে পারদর্শী তাদের বাছাই করে একটি নাটকের দল করা যেতে পারে।

তিনি সভাকে আরো জানান যে, যেহেতু বর্তমানে বর্ষাকাল চলছে সেজন্য ফলদ, বনজ ও ঔষুধি গাছ রোপণের মাধ্যমে উপজেলা পরিষদ ফান্ড হতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বৃক্ষরোপণ কার্যক্রম চালু করা যেতে পারে।

সভায় উপস্থিত সকল সদস্য উপস্থাপনকৃত বিষয়গুলো খুবই গুরুত্বপূর্ণ মর্মে সহমত পোষণ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(লতিফুন নেছা লতা)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

ও

সভাপতি

সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি
মেহেরপুর সদর উপজেলা পরিষদ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর



স্মারক নং:-১২.০২.০০০০.৫৭.৮৭ ১৪.২২-৪৫৬

তারিখ:- ০৬/০৬/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, মেহেরপুর সদর উপজেলা পরিষদ, মেহেরপুর।
- ৪। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৫। চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৭। অফিস কপি, অত্র দপ্তর।

(নাসরিন পারভীন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি

মেহেরপুর সদর, মেহেরপুর।

০৬/০৬/২০২২